


গ্রুপ বি স্ট্রেপ (GBS) এবং গর্ভাবস্থা

গ্রুপ বি স্ট্রেপ (GBS) কী?

- গ্রুপ বি স্ট্রেপ (GBS) হচ্ছে এক ধরনের ব্যাকটেরিয়া (জীবাণু) যা শরীরে থাকে। যোনিপথ এবং মলদ্বারে GBS পাওয়া যেতে পারে। GBS একটি STI (যৌনমিলন থেকে প্রাপ্ত একটি সংক্রমণ) নয়।
- GBS এর কারণে সাধারণত গুরুতর অসুস্থতা সৃষ্টি হয় না। কিছু মানুষের শরীরে GBS ব্যাকটেরিয়া থাকতে পারে, তবে তাদের মধ্যে কোনো লক্ষণ দেখা যায় না।

যদি আমি অন্তঃসত্ত্বা হই তাহলে GBS কিভাবে আমাকে ক্ষতিগ্রস্ত করে?

- GBS ব্যাকটেরিয়া রয়েছে এমন বেশিরভাগ গর্ভবতী মহিলার শরীরে কোনো লক্ষণ বা স্বাস্থ্যগত সমস্যা দেখা যায় না। তবে, কখনও কখনও GBS জরায়ু বা মূত্রনালীর (দেহের যে অঙ্গ প্রস্রাব উৎপাদন, সংরক্ষণ এবং প্রস্রাব দূর করে) সংক্রমণের কারণ হতে পারে।
- যদি কারোর গর্ভাবস্থায় বিলম্বে GBS দেখা দেয়, তাহলে প্রসবের সময়ে তা শিশুর মধ্যে ছড়িয়ে পড়ার সম্ভাবনা থাকে।



GBS কিভাবে আমার শিশুকে ক্ষতিগ্রস্ত করে?

2 ধরনের GBS সংক্রমণ রয়েছে যা নবজাতক শিশুর মধ্যে ঘটতে পারে। উভয় ধরনের সংক্রমণই মারাত্মক হতে পারে।

- **প্রথম দিকে সূত্রপাত হওয়া সংক্রমণ** জন্মের প্রথম সপ্তাহে (সাধারণত প্রথম 24-48 ঘণ্টার মধ্যে) ঘটতে পারে। জন্মের সময় শিশুর কাছে এই সংক্রমণসমূহ ছড়াতে পারে।
 - যদি কোনো শিশু 37 সপ্তাহের পূর্বে জন্মগ্রহণ করে, তাহলে তাদের মধ্যে সংক্রমণের ঝুঁকি বেশি থাকে।
 - ফুসফুস ও রক্তের সংক্রমণ এবং মেনিনজাইটিসের (একটি সংক্রমণ যা মস্তিষ্ক স্ফীত করে তোলে) মতো মারাত্মক স্বাস্থ্যগত সমস্যা এই সংক্রমণ সৃষ্টি করতে পারে।
- **দেরিতে সূত্রপাত হওয়া সংক্রমণ** জন্মের প্রথম 6 দিনের মধ্যে দেখা দিতে পারে। জন্মের সময় শিশুর কাছে বা GBS আক্রান্ত কারো সাথে সংস্পর্শে আসার মাধ্যমে এই সংক্রমণ ছড়াতে পারে।
 - আপনার শিশুর মধ্যে দেরিতে সূত্রপাত হওয়া সংক্রমণের উপসর্গসমূহ হচ্ছে: শ্বাসপ্রশ্বাস সঙ্গতিহীন বা খুব সক্রিয় না হওয়া, মাত্রাতিরিক্ত জ্বর থাকা, খেতে আগ্রহ না থাকা এবং বমি করা। যদি শিশুর মধ্যে এগুলোর কোনো একটি উপসর্গ দেখা দেয় তাহলে অবিলম্বে আপনার শিশুর ডাক্তারকে কল করুন।
 - মেনিনজাইটিস এবং নিউমোনিয়ার মতো মারাত্মক স্বাস্থ্যগত সমস্যা এই সংক্রমণ সৃষ্টি করতে পারে।

এই সংক্রমণ কি প্রতিরোধ করা যাবে?

আপনার শিশুর মধ্যে প্রথম দিকে সূত্রপাত হওয়া সংক্রমণ প্রতিরোধ করতে পরীক্ষা এবং চিকিৎসা গ্রহণ সহায়তা করে।

- আপনি আপনার গর্ভাবস্থায় বিলম্বে (35 থেকে 37 সপ্তাহের মধ্যে) GBS এর পরীক্ষা করাতে পারবেন। আপনার GBS আছে কিনা তা পরীক্ষা করতে আপনার যোনিপথ এবং মলদ্বার থেকে ডাক্তার নমুনা সংগ্রহ করবেন।
- যদি পরীক্ষা করে ফলাফলে দেখা যায় যে আপনার GBS রয়েছে, তাহলে আপনাকে অ্যান্টিবায়োটিক (সংক্রমণের চিকিৎসায় সহায়ক ওষুধ) প্রদানের সম্ভাবনা রয়েছে। এই ওষুধসমূহ শুধুমাত্র তখনই কাজ করবে যদি এগুলো প্রসববেদনার সময় দেওয়া হয়।

আরো প্রশ্ন থাকলে আপনার CHN প্রোভাইডারের সাথে কথা বলুন!